



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.১৫২.০২০.৮৭.২০১৮-(পাট-১)/ ১৬/১৬(২০২৩) তারিখ: ২৭ আশ্বিন ১৪৩০
১২ অক্টোবর ২০২৩

বিষয়: বকেয়া বেতন ভাতার বাজেট বরাদ্দ প্রদান সংক্রান্ত।


সূত্র: প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অর্থ বিভাগের পত্র নং ৩৮.০১.০০০০.১৫২.০২০.৮৭.২০১৮-১১৬১(১১৬৬) তারিখ ১৫/০৩/২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত পত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মাঠ পর্যায়ের শিক্ষক, কর্মচারী ও কর্মকর্তাগণের বকেয়া বাজেট বরাদ্দ প্রদানের নিমিত্ত সংশ্লিষ্ট সকল কাগজপত্রাদির তালিকা, মতামত ও সুপারিশসহ প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হয়। লক্ষণীয় যে, জেলা প্রাথমিক শিক্ষা অফিস ও সুপারিনটেনডেন্ট হতে আবশ্যিকীয় কাগজপত্রাদি সংযুক্ত না করে এবং মতামত ও সুপারিশ ছাড়াই প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে বকেয়া বাজেট বরাদ্দের প্রস্তাব প্রেরণ করা হয়। এ প্রেক্ষিতে বকেয়া বাজেট বরাদ্দের কার্যক্রম নিষ্পত্তিতে দীর্ঘসূত্রিতার সৃষ্টি হয় এবং সেবা প্রদানে বিলম্ব হয়। স্মরণীয় যে, অধিদপ্তরের নির্দেশনা থাকা সত্ত্বেও জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও পিটিআই সুপারিনটেনডেন্টকে অবহিত না করে কোন কোন ক্ষেত্রে সরাসরি উপজেলা শিক্ষা অফিস/ উপজেলা রিসোর্স সেন্টার কর্তৃক বকেয়া বাজেট বরাদ্দের চাহিদা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করা হয়, যা নির্দেশনার সম্পূর্ণ পরিপন্থী।

০২। এমতাবস্থায়, সূত্রে বর্ণিত নির্দেশনা মোতাবেক বকেয়া বাজেট বরাদ্দ সংক্রান্ত প্রস্তাবের সাথে সংশ্লিষ্ট সকল কাগজপত্রাদি এবং জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/সুপারিনটেনডেন্ট কর্তৃক মতামত ও সুপারিশসহ প্রস্তাব প্রেরণ করার জন্য পুনরায় অনুরোধ করা হলো।

০৩। ব্যর্থতায় সংশ্লিষ্ট কর্মকর্তাকে ভবিষ্যতে জবাবদিহিতার আওতায় আনা হবে।

০৪। বিষয়টি অতিব জরুরি।


শেখ মোঃ রায়হান উদ্দিন
উপপরিচালক (অর্থ রাজস্ব)
০১৭১২-৫৬০৫৮৫

- ১। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল).....।
- ২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার(সকল).....।
- ৩। সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল).....।

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ-

- ১। উপজেলা/থানা শিক্ষা অফিসার(সকল).....।
- ২। উপজেলা/থানা রিসোর্স সেন্টার(সকল).....।
- ৩। অফিস কপি।